



হোম » জাতীয়

তথ্য প্রযুক্তির খাতে আরও গুরুত্ব দিতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

বিশেষ প্রতিনিধি ১৭:৫১, ০৫ সেপ্টেম্বর, ২০২০ | পাঠের সময় : ১.১ মিনিট



জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। ফাইল ছবি

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, উন্নত বিশ্বের সাথে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে তথ্য প্রযুক্তির উপর আরও গুরুত্ব প্রদান করতে হবে।

শনিবার এটুআই প্রোগ্রামের আওতায় মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের একান্ত সচিবদের ই-নথি বিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে 'ভার্চুয়াল কনফারেন্স' এর মাধ্যমে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এ কথা বলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, বর্তমান বিশ্বে উন্নয়নের অন্যতম চালিকাশক্তি তথ্য-প্রযুক্তি। তাই তথ্যপ্রযুক্তিতে আমাদেরকে আরো দক্ষতা অর্জন করতে হবে। উন্নত বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে হলে আমাদেরকে তথ্য-প্রযুক্তিতে আরো গুরুত্ব প্রদান করতে হবে। এই খাতে আমাদেরকে বিনিয়োগ আরো বৃদ্ধি করতে হবে।

আরো পড়ুন : [করোনায় মৃত্যু বেড়েছে](#)

তিনি আরো বলেন, জননেত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের কারণে আজ আমরা ডিজিটাল প্রযুক্তিতে অনেকখানি এগিয়েছি। এখন আমাদেরকে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য প্রযুক্তিতে দক্ষ করে মানবসম্পদ গড়ে তুলতে হবে। এজন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে আরো এগিয়ে আসতে হবে।

প্রতিমন্ত্রী আরো বলেন, করোনাকালীন আমরা তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে পেরেছি। এতো প্রতিকূলতার মাঝেও আমাদের কাজ থেমে থাকেনি। এই করোনার সময়ে আমরা 'ডিজিটাল বাংলাদেশ' এর সুফল ভোগ করতে পারছি।

তিনি সরকারি কর্মচারীদের তথ্য প্রযুক্তি জ্ঞানে আরো প্রশিক্ষণ নিয়ে নিজেদের কর্মদক্ষতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক আব্দুল মান্নান স্বাগত বক্তব্য এবং যুগ্ম প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর শুভেচ্ছা বক্তব্য রাখেন।

ইত্তেফাক/ইউবি



ট্যাগস → [জনপ্রশাসন প্রতিমন্ত্রী](#) [তথ্য প্রযুক্তি](#) [এটুআই](#)

You May Like

Sponsored Links by Taboola

Jobs That Pay Bangladesh To Work From Home?

Jobs in the UK | Search Ads

The 25 Richest Men Alive And Their Wives

Cleverst

20 Movies That Are Considered To Be Almost Flawless

Tip Parents

The Moments That Even Airport Security Found Jaw-Dropping

Student Sea

Policewoman Finally Talks About The Photos That Ended Her Career

Articles Vally

Couple Confused When Photo Goes Viral, Till They See The Comments

Car Novels

The Riskiest Dresses On The Red Carpet In 2019


Gloriousa

Prepare Yourself, This Actress Is Actually Gorgeous In Real Life

Dailyforest

Melissa Rauch Down Sized Her Bikini (Photos)

Novelodge




সর্বশেষ খবর

সর্বাধিক পঠিত



[দ্বিতীয় টেস্টেও করোনা পজিটিভ সাইফ](#)



[জাপানকে তাইওয়ানের সঙ্গে সম্পর্ক না গড়ার আহ্বান চীনের](#)